

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১০

তারিখ: ১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৫ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
যশোর, কুষ্টিয়া, পাবনা এবং খুলনা অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ খুলনা ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): দিন ও রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৭	৩১.০	৩৬.৭	৩৪.৭	৩০.০	২৩.০	৩২.৮	৩৫.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.২	১৯.২	১৯.২	১৭.৬	১৭.৫	১৭.২	১৭.৪	১৮.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুণ্ড ৩৬.৭° এবং আজকের সর্বনিম্ন ডিমলা ১৭.২°সেঃ।

অগ্নিকান্ড

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৩/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৪/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৫৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১২	৫	০
২।	ময়মনসিংহ	৫	০	০

৩।	বরিশাল	৬	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	রংপুর	৪	১	০
৭।	চট্টগ্রাম	১৬	০	০
৮।	খুলনা	১২	০	০
	মোট	৫৮	৬	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। ঢাকাঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৪.০৩.২০২০ তারিখ দুপুর ০১.২৩ মিনিটের সময় রাজধানীর মিরপুর ১০ নম্বরের বুট পট্টি বেনারসী পল্লীতে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে বিকাল ০৩.৩০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন লাগার কারণ জানা যায়নি। অগ্নিকান্ডে মোহাম্মদ হোসেন (২২), ইসরাফিল (২০), ফায়ারম্যান আনিস, ফায়ারম্যান রুহুল আমীন এবং ড্রাইভার রুহুল আমীন নামের পাঁচজন আহত হয়েছে।



১৬-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১০/১

তারিখ: ১ চৈত্র ১৪২৬

১৫ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল)
- ৪) উপ-পরিচালক (সকল)
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৬) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১৬-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)